অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

অফিস অব স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট গ্র্যান্ট অনুদানের দ্বিতীয় রাউন্ডে মোট 7 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

স্টেটজুড়ে চৌদ্দটি প্রকল্প 100-এরও বেশি ব্যবসায়িক অংশীদারদের জন্য 3,700 জনেরও বেশি প্রশিক্ষণার্থীকে সহায়তা করার জন্য 6.3 মিলিয়ন ডলারেরও বেশি সরকারি/বেসরকারি অর্থায়ন কাজে লাগাবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের অফিস অব স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট (Office of Strategic Workforce Development) ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ক্যাপিটাল (Workforce Development Capital) এবং পে ফর পারফর্ম্যান্স (Pay for Performance) অনুদান কর্মসূচির দ্বিতীয় রাউন্ডের মাধ্যমে স্টেটজুড়ে চৌদ্দটি প্রকল্পকে 7 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদান করা হয়েছে। এসব অনুদান উন্নত উৎপাদন, নবায়নযোগ্য শক্তি, ও নির্মাণকাজের মতো খাতগুলোতে প্রশিক্ষণ সেবা প্রদানকারীদের এবং 100-এরও বেশি নিয়োগকর্তা অংশীদারদের মধ্যকার সহযোগিতার সম্পর্কের মাধ্যমে 3,700 জনেরও বেশি কর্মীকে প্রশিক্ষণ প্রদানে সহায়তা করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) অধীনে পরিচালিত এই অফিসটির দায়িত্ব হলো আজকের দিনের চাকরিদাতাদের প্রয়োজন ও অগ্রাধিকার পূরণ করার জন্য নিউ ইয়র্কবাসীদের প্রস্তুতি নিশ্চিত করতে কর্মীবাহিনী বিকাশ কর্মসূচি ও অনুশীলনকে সমর্থন করা।

"আমরা সবচেয়ে গুরুত্বপূর্ণ যে বিনিয়োগ করতে পারি তা হচ্ছে নিউ ইয়র্কের মানুষদের উপর বিনিয়োগ," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের নতুন অফিস অব স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট নিউ ইয়র্কের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর চাহিদাগুলো পূরণ করতে সহায়তা করবে এবং একইসাথে ভবিষ্যতের কর্মীদলে সমৃদ্ধি অর্জনের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও দক্ষতা অর্জনের দীর্ঘদিনের প্রতিবন্ধকতাগুলো অপসারণ করবে এমন প্রশিক্ষণ কর্মসূচিগুলোকে সংস্থানসমূহ প্রদান করবে।"

অফিস অব স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টের অনুদানগুলোর প্রথম রাউন্ডে, যেটি গত বছরের শেষে ঘোষণা করা হয়েছিল, 6 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদান করা হয়েছে এবং এটি সরকারি/বেসরকারি তহবিলের 4 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ কাজে লাগাবে এবং 100-এরও বেশি ব্যবসায়িক অংশীদারের জন্য প্রায় 3,000 প্রশিক্ষণার্থীকে সহায়তা করবে।

আজ চৌদ্দটি প্রকল্পকে প্রদান করা অনুদানগুলো নিয়োগকর্তা-কেন্দ্রিক উচ্চ-দক্ষতাসম্পন্ন কর্মী প্রশিক্ষণ কর্মসূচিগুলোকে সহায়তা করবে এবং উচ্চ চাহিদাসম্পন্ন কমিউনিটিগুলোর জন্য অংশগ্রহণ করার প্রতিবন্ধকতাগুলো কমিয়ে আনবে এমন উদ্ভাবনমূলক কর্মপ্রচেষ্টা এবং সেরা রীতিগুলোকে পুরস্কৃত করবে। 35 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল অনুদান কর্মসূচি সেবা উন্নত বা সম্প্রসারিত করতে ইচ্ছুক কর্মীবাহিনী প্রশিক্ষণ প্রদানকারীদের ক্যাপিটাল চাহিদা পূরণ করবে। 115 মিলিয়ন মার্কিন ডলারের পে ফর পারফর্ম্যান্স অনুদান কর্মসূচির দুইটি অর্থায়ন ট্র্যাক আছে: নমনীয় কার্যপরিচালনার জন্য প্রদত্ত অনুদান যা চাহিদাসম্পন্ন দক্ষতা এবং শিল্পখাতের স্বীকৃত ক্রেডেনশিয়াল নিয়ে নিউ ইয়র্কবাসীদেরকে প্রস্তুত করে তোলার জন্য পাঠ্যক্রম প্রণয়ন ও সার্বিক পরিষেবাসমূহের মতো কর্মসূচির খরচ বহন করতে সেবা প্রদানকারীদেরকে সাহায্য করে; এবং সক্ষমতা গড়ে তোলার জন্য প্রদত্ত অনুদান, গ্র্যাজুয়েটদেরকে সক্রিয়ভাবে সন্তোষজনক কর্মসংস্থানে নিযুক্ত করার জন্য প্রমাণিত কর্মী প্রশিক্ষণ কর্মসূচিগুলোর পরিসর বড় করে তোলার জন্য ডাটা ও মেট্রিক্স ভিত্তিক একটি কর্মপ্রচেষ্টা। অর্জনভিত্তিক অনুদান ব্যবহার করে, কর্মীদের প্রশিক্ষণ সেবা প্রদানকারীরা উচ্চ প্লেসমেন্টের হার এবং ফলপ্রসূ সার্বিক পরিষেবা সম্পন্ন সফল কর্মসূচিগুলোর সক্ষমতা সম্প্রসারণের জন্য তহবিল পাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "আমাদের অফিস অব স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট এমন সব কর্মসূচিতে স্মার্ট ও কৌশলগত বিনিয়োগ করছে যেগুলো নিউ ইয়র্ক স্টেটের কর্মীদেরকে একটি পরিবর্তনশীল ব্যবসায়িক পরিবেশে সফল হওয়ার জন্য তাদের প্রয়োজনীয় হাতিয়ারগুলো প্রদান করবে। বর্তমানে এবং আগামী দিনগুলোতে প্রয়োজন হবে এমন চাহিদাসম্পন্ন দক্ষতা ও বাণিজ্যের প্রতি মনোযোগ দেওয়ার মাধ্যমে, আমরা বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের জন্য প্রয়োজনীয় অপরিহার্য উপাদানগুলো প্রদান করছি। "

<u>দ্বিতীয় রাউন্ডের অনুদানপ্রাপ্তরা হচ্ছে:</u>

পে ফর পারফর্ম্যান্স (Pay for Performance, P4P) কার্যপরিচালনার জন্য প্রদত্ত অনুদান গ্রহীতা:

মোহাক ভ্যালি কমিউনিটি কলেজ (Mohawk Valley Community College) - মোহাক ভ্যালি - 976,000 ডলার: মোহাক ভ্যালি কমিউনিটি কলেজের ফাস্ট ট্র্যাক প্রশিক্ষণ কর্মসূচি অন্য কোনোভাবে নিজেদের দরিদ্র অবস্থা কাটিয়ে উঠতে সক্ষম হতো না এমন তরুণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে ফাস্ট-ট্র্যাক প্রশিক্ষণ গ্রহণ করতে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে, যা তাদেরকে এক বছরের কম সময় ধরে প্রশিক্ষণ গ্রহণ করে একটি ভালো ক্যারিয়ার গঠনের পথে এগিয়ে যাওয়ার সুযোগ করে দিবে, এবং একইসাথে নিয়োগকর্তাদের ব্যাপক কর্মী চাহিদা পূরণ করবে এবং এই অঞ্চলের অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ মধ্যম-দক্ষতার ক্যারিয়ারগুলোর জন্য একটি টেকসই কর্মী উন্নয়ন মডেল গড়ে তুলবে। MVCC মেকাট্রনিক্স, ওয়েল্ডিং, CNC, কার্পেন্ট্রি, ও ম্যাসনারি কাজের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করবে, এবং একইসাথে স্থানীয় কর্মী উন্নয়ন অংশীদাররা প্রশিক্ষণার্থীদেরকে নিয়োগ প্রদান করবে এবং কর্মসংস্থানে প্লেসমেন্টের প্রচেষ্টায় সহায়তা করবে।

রচেস্টার ওয়ার্কস (Rochester Works) - ফিঙ্গার লেকস - 862,000 ডলার: প্রশিক্ষণ অংশীদার YAMTEP-এর সঙ্গে একটি সহযোগিতার মাধ্যমে, রচেস্টার ওয়ার্কস-এর রক সিডস ইউথ নেভিগেটর (ROC SEEDS youth navigator) কর্মসূচি কর্মসংস্থানপূর্ব প্রশিক্ষণ ও অভিজ্ঞতা প্রদান করে থাকে যা অংশীগ্রহণকারীদেরকে উন্নত প্রস্তুতকরণ খাতের এন্ট্রি ও মিড লেভেলের কর্মসংস্থানের সুযোগগুলোর সঙ্গে সংযোগ করিয়ে দেয়। এই কর্মসূচি কর্মসংস্থানের সাধারণ প্রতিবন্ধকতাগুলোর বিরুদ্ধে লড়াই করতে সফট-স্কিল উন্নয়নের পাশাপাশি হাতে-কলমে কাজ করার অভিজ্ঞতা এবং বিস্তৃত সহায়ক পরিষেবাসমূহ প্রদান করে।

ক্লার্কসন বিশ্ববিদ্যালয় (Clarkson University) - নর্থ কান্ট্রি - 729,000 ডলার: ক্লার্কসন বিশ্ববিদ্যালয়ের অ্যাডভান্সিং ইন্ডাস্ট্রি উইথ মাইক্রো-ক্রেডেনশিয়ালস (Advancing Industry with Micro-credentials) কর্মসূচি উন্নত প্রস্তুতকরণ, ক্লিন টেক, ও নির্মাণকাজ খাতের কোর্সগুলো অন্তর্ভুক্ত করার জন্য এই কলেজের বিদ্যমান মাইক্রো-ক্রেডেনশিয়াল কর্মসূচিকে সম্প্রসারণ করবে যা চাহিদাসম্পন্ন খাতগুলোতে নিয়োগের জন্য প্রস্তুত গ্র্যাজুয়েট তৈরি করবে। নতুন মাইক্রো-ক্রেডেনশিয়ালগুলো শিল্পখাতের অংশীদারদের প্রয়োজন পূরণের জন্য উন্নয়ন করা হচ্ছে, যারা পাঠ্যক্রমের নকশা প্রণয়নে সহায়তা করা, অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে শেখার সুযোগ প্রদান করা, এবং কর্মসূচির গ্র্যাজুয়েটদের সাক্ষাতকার গ্রহণ করার ব্যাপারে অঙ্গীকারাবদ্ধ হয়েছে।

সোশ্যাল এন্টারপ্রাইজ এন্ড ট্রেইনিং সেন্টার (Social Enterprise and Training Center) - রাজধানী অঞ্চল - 485,200 ডলার: সোশ্যাল এন্টারপ্রাইজ এন্ড ট্রেইনিং সেন্টারের (Social Enterprise and Training Center, SEAT) বিল্ড আপ ইয়ং ফিল্মমেকার্স (Build Up Young Filmmakers) কর্মসূচি ঐতিহাসিক কাল থেকে প্রান্তিকীকরণের সম্মুখীন হওয়া তরুণ ব্যক্তিদেরকে ফিল্ম ও ভিডিও প্রোডাকশন শিল্পে ক্যারিয়ার গঠনে সচেষ্ট হওয়ার সুযোগ প্রদান করবে এবং একইসাথে রাজধানী অঞ্চলের ফিল্ম প্রোডাকশন হাবকে বেড়ে উঠতে এবং বৈচিত্র্যপূর্ণ হয়ে উঠতে সাহায্য করবে। SEAT অংশগ্রহণকারীদের সফলতা সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য সার্বিক পরিষেবাসমূহ প্রদান করবে, এবং একইসাথে শিল্পখাতের অংশীদাররা পাঠ্যক্রম প্রণয়নে সহায়তা করা, ইন্টার্নশিপ বা কর্মশালার ব্যবস্থা করা, এবং কর্মসূচির গ্র্যাজুয়েটদের সাক্ষাতকার গ্রহণ করার ব্যাপারে অঙ্গীকারাবদ্ধ হয়েছে।

SUNY ওসওয়েগো (SUNY Oswego) - সেন্ট্রাল নিউ ইয়র্ক - 340,963 ডলার: SUNY ওসওয়েগোর ইনস্ট্রাক্টর বুটক্যাম্প (Instructor Bootcamp) হবে সিরাকিউস বিল্ড (Syracuse Build) এবং ট্রেডস ফিউচার (TradesFuture) ইত্যাদির মতো অন্যান্য কর্মী প্রশিক্ষণ কর্মসূচির জন্য লভ্য ইনস্ট্রাক্টরের সংখ্যা বৃদ্ধি করতে সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে শিল্পখাত, কর্মী উন্নয়ন, ও শিক্ষা খাতের অংশীদারদের মধ্যকার একটি সহযোগিতামূলক প্রচেষ্টা। ইনস্ট্রাক্টর বুটক্যাম্প এই অঞ্চলের প্রস্তুতকরণ খাতের দ্রুত বেড়ে উঠায় সহায়তা করবে এমন কর্মসূচিগুলোকে সহায়তা করার জন্য আনুমানিক 120 জন নতুন প্রশিক্ষণ গ্রহণকারী পেশাজীবীকে শিক্ষাবিজ্ঞান, ইনস্ট্রাকশনাল টেকনোলজি, এবং সৃজনশীল অন্তর্ভুক্তিমূলক শিক্ষার স্থান বিষয়ক দক্ষতা প্রদান করবে।

ইউনাইটেড ওয়ে অব লং আইল্যান্ড (United Way of Long Island) - লং আইল্যান্ড - 249,000 ডলার: ইউনাইটেড ওয়ে অব লং আইল্যান্ডের পাওয়ার আপ উইন্ড, সোলার এন্ড রিনিউয়েবলস (Power Up Wind, Solar & Renewables) হচ্ছে সাংস্কৃতিকভাবে বৈচিত্র্যপূর্ণ তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য নবায়নযোগ্য শক্তি, ক্লিন টেক, উপকূলীয় বায়ুশক্তি, সৌরশক্তি, এবং উন্নত প্রস্তুতকরণ খাতে ক্যারিয়ার গঠনের পথ তৈরি করে দেওয়ার জন্য বিনামূল্যের একটি প্রশিক্ষণ কর্মসূচি। এই কর্মসূচি যাতে শিল্পখাতের প্রয়োজনে সাড়াদান করে তা নিশ্চিত করার পাশাপাশি প্রশিক্ষণার্থীদেরকে স্থানান্তরযোগ্য এবং শিল্পখাতে স্বীকৃত দক্ষতাসমূহ প্রদান করার জন্য শিল্পখাতের অংশীদারদের মতামত নিয়ে কর্মসূচিটি প্রণয়ন করা হয়েছে।

সেন্টার ফর এমপ্লয়মেন্ট অপর্চুনিটিস (Center for Employment Opportunities) - নিউ ইয়র্ক সিটি - 193,735 ডলার: সেন্টার ফর এমপ্লয়মেন্ট অপর্চুনিটিস (Center for Employment Opportunity, CEO)-এর নিউ ইয়র্ক সিটি পাথওয়েস টু অ্যাপ্রেনটিসশিপ (New York City Pathways to Apprenticeship) কর্মসূচি বিচার ব্যবস্থার দ্বারা ক্ষতিগ্রস্ত আগ্রহী অংশগ্রহণকারীদেরকে একটি ইউনিয়নে শিক্ষানবিশ হিসেবে যোগদান করা, এবং এক পর্যায়ে গিয়ে ইউনিয়নের নির্মাণকাজের কর্মসংস্থানের উচ্চ বেতন ও উন্নত কর্মস্থলের নিরাপত্তা উপভোগ করার জন্য প্রয়োজনীয় চাকরির প্রস্তুতিমূলক দক্ষতা ও কাজের অভিজ্ঞতা প্রদান করবে। কর্মসূচির অংশগ্রহণকারীদেরকে কর্মসূচি সম্পন্ন হওয়ার পর পূর্ণকালীন কর্মসংস্থানের সুযোগসমূহ চিহ্নিত করতে সাহায্য করার জন্য বেতনসহ একটি অন্তর্বর্তীকালীন কাজের সুযোগ, একজন জব কোচ, এবং জব ডেভেলপার প্রদান করা হবে।

সেন্টার ফর এমপ্লয়মেন্ট অপর্চুনিটিস - ওয়েস্টার্ন নিউ ইয়র্ক - 168,750 ডলার: সেন্টার ফর এমপ্লয়মেন্ট অপর্চুনিটিস (CEO)-এর বাফেলো পাথওয়েস টু অ্যাপ্রেনটিসশিপ (Buffalo Pathways to Apprenticeship) কর্মসূচি বিচার ব্যবস্থার দ্বারা ক্ষতিগ্রস্ত আগ্রহী অংশগ্রহণকারীদেরকে একটি ইউনিয়নে শিক্ষানবিশ হিসেবে যোগদান করা, এবং এক পর্যায়ে গিয়ে ইউনিয়নের নির্মাণকাজের কর্মসংস্থানের উচ্চ বেতন ও উন্নত কর্মস্থলের নিরাপত্তা উপভোগ করার জন্য প্রয়োজনীয় চাকরির প্রস্তুতিমূলক দক্ষতা ও কাজের অভিজ্ঞতা প্রদান করবে। কর্মসূচির অংশগ্রহণকারীদেরকে কর্মসূচি সম্পন্ন হওয়ার পর পূর্ণকালীন কর্মসংস্থানের সুযোগসমূহ চিহ্নিত করতে সাহায্য করার জন্য বেতনসহ একটি অন্তর্বর্তীকালীন কাজের সুযোগ, একজন জব কোচ, এবং জব ডেভেলপার প্রদান করা হবে।

নর্থ কান্ট্রি চেম্বার অব কমার্স (North Country Chamber of Commerce) - নর্থ কান্ট্রি - 125,000 ডলার: ক্লিনটন কমিউনিটি কলেজ (Clinton Community College) এবং লিঙ্কন ইলেক্ট্রিক (Lincoln Electric)-এর সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে অফারকৃত নর্থ কান্ট্রি চেম্বার অব কমার্সের বিনা খরচে ওয়েল্ডিং প্রশিক্ষণ প্রদানের কর্মসূচিটি উচ্চ দক্ষতাসম্পন্ন ওয়েল্ডারের জন্য স্থানীয় শিল্পখাতের চাহিদা পূরণ করতে সাহায্য করবে। এই কর্মসূচি স্থানীয় উন্নত প্রস্তুতকরণ ও পরিবহন সরঞ্জাম প্রস্তুতকারকদের জন্য এবং তাদের সঙ্গে পরামর্শক্রমে তৈরি করা হয়েছে, যেখানে গ্র্যাজুয়েটদের জন্য অবিলম্বে যোগদান করার মতো 50টির বেশি শূন্য পদ রয়েছে।

SUNY কোবলস্কিল (SUNY Cobleskill) - মোহাক ভ্যালি - 86,400 ডলার: SUNY কোবলস্কিলের ডেইরি প্রসেসিং বুটক্যাম্প (Dairy Processing Bootcamp)

অংশগ্রহণকারীদেরকে অবিলম্বে কর্মসংস্থানে যোগদান করার জন্য প্রস্তুত করে তোলার জন্য ডেইরি শিল্পের অংশীদারদের দ্বারা অতি গুরুত্বপূর্ণ হিসেবে চিহ্নিত করা বিষয়গুলোতে খাদ্য প্রক্রিয়াকরণ কর্মীদেরকে কর্মসংস্থানপূর্ব নিরাপত্তা ও স্যানিটেশন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করবে। স্থানীয় কর্মী উন্নয়ন বোর্ড এবং শরণার্থী কেন্দ্রগুলোর মাধ্যমে টার্গেটকৃত নিয়োগ নিশ্চিত করবে যাতে প্রান্তিকীকরণের সম্মুখীন জনগোষ্ঠীগুলোকে এই ক্রমবর্ধমান স্থানীয় শিল্পে ক্যারিয়ার গঠনের পথ প্রদান করা যায়।

P4P সক্ষমতা গড়ে তোলার জন্য অনুদান গ্রহীতা:

পার স্কলাস (Per Scholas) - নিউ ইয়র্ক সিটি - 822,000 ডলার: পার স্কলাসের টিউশনমুক্ত টেক প্রশিক্ষণ, যার মধ্যে আইটি সাপোর্ট, AWS রি/স্টার্ট, সাইবার নিরাপত্তা, এবং সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিষয়ে বুটক্যাম্প স্টাইলের কোর্সগুলো অন্তর্ভুক্ত রয়েছে, কর্মহীন/যোগ্যতার চেয়ে নিম্নমানের কর্মসংস্থানে থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য ক্যারিয়ার গঠনের সুযোগ এবং অর্থনৈতিক গতিশীলতা তৈরি করে। গ্র্যাজুয়েটরা যাতে টেকনোলজি ট্রেন্ড এবং উদীয়মান প্রয়োজনগুলো মোকাবেলা করতে সক্ষম হয় তা নিশ্চিত করতে এবং একইসাথে শিল্পখাতের অংশীদারদের জন্য আরো বেশি বৈচিত্র্যপূর্ণ একটি ট্যালেন্ট পাইপলাইন তৈরি করতে প্রশিক্ষণ ও ক্যারিয়ারের বিকাশ সংক্রান্ত কৌশলগুলো নিয়োগকর্তাদের অবহিত রাখে।

ব্রুকলিন ওয়ার্কফোর্স ইনোভেশন (Brooklyn Workforce Innovation) - নিউ ইয়র্ক সিটি - 201,000 ডলার: ব্রুকলিন ওয়ার্কফোর্স ইনোভেশনের "মেড ইন NY" প্রোডাকশন অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং ("Made in NY" Production Assistant Training) কর্মসূচি বৈচিত্র্যপূর্ণ পটভূমি থেকে আসা কর্মহীন এবং যোগ্যতার চেয়ে নিম্নমানের কর্মসংস্থানে থাকা নিউ ইয়র্কবাসীদেরকে পেশাগত দক্ষতা এবং চাকরির প্রস্তুতির প্রশিক্ষণ প্রদান করার পাশাপাশি তাদের 24-ঘণ্টা ধরে সচল থাকা প্লেসমেন্ট হটলাইনের মাধ্যমে শিল্পখাতে প্রবেশের একটি পথ প্রদান করার মাধ্যমে ফিল্ম ও টেলিভিশন প্রোডাকশন খাতের ক্যারিয়ারের সঙ্গে সংযোগ করিয়ে দেয়। কর্মসূচির গ্র্যাজুয়েটদেরকে নিয়োগ প্রদান করার পাশাপাশি শিল্পখাতের অংশীদাররা অংশগ্রহণকারীদেরকে অবহিত করে এবং প্রশিক্ষণ ও হাতে-কলমে কাজ করার অভিজ্ঞতা ও মেন্টরশিপ প্রদান করে।

CenterState CEO - সেন্ট্রাল নিউ ইয়র্ক - 128,000 ডলার: সেন্টার স্টেট CEO-এর সিরাকিউস সার্জ (Syracuse Surge) কর্মসূচিগুলো উন্নত প্রস্তুতকরণ, ইলেক্ট্রিক্যাল মেকানিক্যাল টেকনোলজি, কম্পিউটার প্রোগ্রামিং এবং সাইবার নিরাপত্তার মতো চাহিদাসম্পন্ন খাতগুলোতে এন্ট্রি-লেভেল ক্যারিয়ার গঠনের জন্য প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক ও বৈচিত্র্যপূর্ণ অর্থনৈতিক প্রবৃদ্ধি তৈরি করছে। এসব কর্মসূচি সম্প্রসারিত হওয়া স্থানীয় "হাই-টেক" ক্লাস্টারের জন্য একটি অধিকতর শক্তিশালী এবং আরো বেশি বৈচিত্র্যপূর্ণ ট্যালেট পাইপলাইন প্রদান করবে, এবং একইসাথে গ্র্যাজুয়েটদেরকে প্রবৃদ্ধি অর্জনের সুযোগ সহ স্থিতিশীল, ভালো বেতনের কর্মসংস্থানের একটি পথ প্রদান করবে।

মূলধনী অনুদান গ্রহীতা:

কোয়েস্টার III BOCES (Questar III BOCES) - রাজধানী অঞ্চল - 1,645,985 ডলার: কোয়েস্টার III BOCES একটি পুরোনো হয়ে যাওয়া ফ্যাসিলিটিকে একটি সর্বাধুনিক প্রশিক্ষণ কেন্দ্রে রূপান্তর করবে যা দুইটি উচ্চ-চাহিদাসম্পন্ন ট্রেডের কর্মসূচি: একটি নতুন ওয়েল্ডিং এবং মেটাল ফ্যাব্রিকেশন কর্মসূচি, এবং বিদ্যমান হেভি ইক্যুইপমেন্ট রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কর্মসূচির ঠিকানা হিসেবে কাজ করবে। শিল্পখাতের স্টেকহোল্ডাররা এসব খাতে কর্মসূচি সম্প্রসারণের প্রয়োজন চিহ্নিত করেছে, এবং সেইসাথে প্রশিক্ষণার্থীদেরকে ইন্টার্নশিপ এবং অন্যান্য অভিজ্ঞতামূলক শিক্ষা অর্জনের সুযোগ প্রদান করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে।

অফিস ক্যাপিটাল এবং পে ফর পারফর্ম্যান্স উভয় অনুদান কর্মসূচির জন্য আবেদন গ্রহণ করছে এবং ধারাবাহিকভাবে অর্থদান করা অব্যাহত রাখবে। আবেদন করা যাবে একত্রিত তহবিল আবেদনের (Consolidated Funding Application, CFA) মাধ্যমে, এবং কর্মসূচির নির্দেশনা ও শেষ তারিখ পাওয়া যাবে ESD এর ওয়েবসাইটে, এখানে https://esd.ny.gov/workforce।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "গভর্নর হোকল আরো একবার নিউ ইয়র্ক স্টেটের ভবিষ্যতের জন্য কাজ করবে এমন একটি কর্মীদল গড়ে তোলার জন্য তার অঙ্গীকারাবদ্ধতা দেখিয়ে দিয়েছেন। এই তহবিল কর্মহীন এবং যোগ্যতার চেয়ে নিম্নমানের কর্মসংস্থানে থাকা কর্মীদেরকে চমৎকার ক্যারিয়ার বেছে নিতে সাহায্য করবে এবং একইসাথে ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সমৃদ্ধি অর্জনের জন্য তাদের প্রয়োজনীয় মেধা খুঁজে পেতে সাহায্য করবে। এই উদ্যোগটি উভয় পক্ষের জয়লাভ করার মতো একটি ব্যাপার, এটি নিউ ইয়র্ক স্টেটের কর্মীদের সাহায্য করছে এবং আমাদের শক্তিশালী অর্থনীতিকে সহায়তা করছে।"

SUNY-এর চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং শ্রম বিভাগের দ্বারা পরিচালিত ব্যবসা প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, এবং স্টেট সংস্থাগুলো একটি ক্যারিয়ারের চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য প্রস্তুত নিউ ইয়র্কবাসীরা যাতে সফল হওয়ার মতো অবস্থানে থাকে সে বিষয়টি নিশ্চিত করছে। এই কাজে অংশ নিতে পেরে SUNY আনন্দিত, এবং ক্লিনটন কমিউনিটি কলেজ, SUNY কোবলস্কিল, মোহাক ভ্যালি কমিউনিটি কলেজ, এবং SUNY ওসওয়েগোর টিমগুলোকে অভিনন্দন জানাচ্ছে যারা এই অঞ্চলের কর্মী চাহিদা পূরণে করতে পারবে এমন কঠোর প্রশিক্ষণ কর্মসূচি উন্নয়নের জন্য এই রাউন্ডে নির্বাচিত হয়েছে।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন, "অ্যাসেম্বলির অর্থনৈতিক উন্নয়ন কমিটির (Assembly Economic Development Committee) সভাপতি হিসেবে, এসব বৈচিত্র্যপূর্ণ কর্মসূচিকে স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স গ্র্যান্ট প্রদান করা হচ্ছে দেখে আমি আনন্দিত। সুযোগ-সুবিধাগুলোর মধ্যে উন্নত প্রস্তুতকরণ, নবায়নযোগ্য শক্তি, এবং নির্মাণকাজের ট্রেডগুলো অন্তর্ভুক্ত রয়েছে যেগুলোতে নিউ ইয়র্ক একসময় নেতৃস্থানীয় অবস্থানে ছিল, এবং সেগুলো এখন এসব অনুদানের মাধ্যমে নতুন জীবন লাভ করবে। এসব অনুদান আমাদের অভিজ্ঞ কর্মীদেরকে ধরে রাখবে, যোগ্যতার চেয়ে নিম্নমানের কর্মসংস্থানে থাকা কর্মীদেরকে দক্ষতা প্রদান করবে এবং সেইসাথে তরুণদেরকে তাদের প্রথম কাজের অভিজ্ঞতা প্রদান করবে। আমি জানি যে অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মীদের উন্নয়ন পরস্পরের সঙ্গে সম্পর্কযুক্ত এবং আজকের ঘোষণা

আমাদের পরিবারগুলো এবং আমাদের কমিউনিটিগুলোকে অধিকতর উজ্জ্বল একটি ভবিষ্যত গড়ে তোলার মতো অবস্থানে নিয়ে যাবে।"

অ্যাসেম্বলি সদস্য লাটোয়া জয়নার বলেন, "নিউ ইয়র্ক স্টেটের কর্মীদেরকে চাকরির প্রশিক্ষণের আরো সুযোগ প্রদান করা অমূল্য একটি ব্যাপার, বিশেষ করে ব্রঙ্কসে আমার ডিস্ট্রিক্টের কর্মীদের জন্য। এসব অনুদান হাজার হাজার প্রশিক্ষণার্থীকে প্রাসঙ্গিক দক্ষতাগুলো শেখার সুযোগ প্রদান করবে যা তাদেরকে আজীবনের একটি ক্যারিয়ারের জন্য প্রস্তুত করে তুলবে।"

অ্যাসেম্বলি সদস্য আলবার্ট স্ট্রাইপ জুনিয়র বলেন, "ক্ষুদ্র ব্যবসা বিষয়ক কমিটির সভাপতি হিসেবে, আমি প্রতিনিয়ত ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে শুনতে পাই যে একদিকে যেমন তাদের পণ্য বা সেবাগুলোর শক্তিশালী চাহিদা বিদ্যমান রয়েছে, অন্যদিকে তারা বাড়তি কর্মী নিয়োগের জন্য ব্যাকুল হয়ে আছে যা তাদের কোম্পানিগুলোকে বেড়ে উঠার সুযোগ করে দিবে। "ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ক্যাপিটাল এবং পে ফর পারফর্ম্যান্স অনুদানের দ্বিতীয় রাউন্ড কর্মসংস্থানের পাইপলাইনের জন্য তাদের প্রশিক্ষণ জোরদার করতে সাহায্য করবে। এসব অনুদান প্রদান করা আমাদের কমিউনিটিগুলোর জন্য উভয় পক্ষের জয়লাভ করার মতো একটি ব্যাপার কারণ এটি লোকজনকে অর্জনমুখী কর্মসংস্থান পেতে এবং নিয়োগকর্তাদেরকে প্রয়োজনীয় কর্মী পেতে সাহায্য করছে। আমি গভর্নর ক্যাথি হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং অফিস অব স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টকে স্টেটের কর্মীদেরকে নিয়ে তাদের চলমান কাজ ও বিনিয়োগের জন্য সাধুবাদ জানাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov ওয়েবসাইট দেখুন।

###